

জাতীয়

রাড্ডা ক্লিনিকে হামলার ঘটনায় বাকি আসামিদের গ্রেপ্তারের চেষ্টা চলছে: ডিএমপি কমিশনার



প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: শনিবার, ২৬ সেপ্টেম্বর ২০২৬, ০৫:২৩ PM



রাজধানীর মিরপুরে স্বল্পমূল্যে স্বাস্থ্যসেবা দেওয়া রাড্ডা এমসিএইচ-এফপি সেন্টারে হামলা, লুটপাট ও ভাঙচুরের ঘটনায় দায়ের করা মামলায় চারজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। বাকি আসামিদের গ্রেপ্তারের চেষ্টা চলছে বলে জানিয়েছেন ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) কমিশনার মোসলেহ উদ্দিন আহমদ।

আজ শনিবার সকালে সাংবাদিকদের এ কথা জানান তিনি।

হামলার সময় পুলিশ উপস্থিত ছিল কি না এমন প্রশ্নের জবাবে ডিএমপি কমিশনার বলেন, আমরা দেখছি পুলিশের কোনো অবহেলা ছিল কি না এবং তারা সময়মতো এসেছিল কি না। এই বিষয়গুলো আমরা খতিয়ে দেখছি। এ ঘটনা তদন্তে তিন সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে, যাদের এক দিনের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়েছে।

তিনি আরও বলেন, দল দেখব না, মত দেখব না। অপরাধী যে-ই হোক, তাকে আইনের আওতায় নিয়ে আসব। কোনো রাজনৈতিক পরিচয়

দেখা হবে না।

গত বৃহস্পতিবার মধ্যরাতে মিরপুর-১ নম্বর সেকশনে অবস্থিত রাডডা এমসিএইচ-এফপি সেন্টারে এই হামলার ঘটনা ঘটে। পরদিন ক্লিনিকের নির্বাহী পরিচালক নাসরিন আখতার শাহ আলী থানায় মামলা করেন। মামলায় হানিফ মিয়া নামে একজনকে আসামি করা হয়। এ ছাড়া অজ্ঞাতপরিচয় আরও প্রায় ২৫০ জনকে আসামি করা হয়েছে।

ক্লিনিক কর্তৃপক্ষের অভিযোগ, মুখোশ পরা অন্তত দুই শতাধিক ব্যক্তি নিরাপত্তাকর্মীদের জিম্মি করে স্বাস্থ্যসেবা কেন্দ্রের ভেতরে ঢোকে। এ সময় তারা চিকিৎসা সরঞ্জাম, ওষুধ, সরকারি টিকা, নগদ টাকা ও গুরুত্বপূর্ণ বিভিন্ন সামগ্রী লুট করে নিয়ে যায়। লুটপাটের পর ভারী যন্ত্রপাতি দিয়ে একটি পাকা ভবন ও তিনটি সেমিপাকা ভবন গুঁড়িয়ে দেওয়া হয় বলে দাবি করেছে কর্তৃপক্ষ। তাদের ভাষ্য অনুযায়ী, এই হামলা, লুটপাট ও ভাঙচুরে প্রায় দেড় কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে।

এ বিভাগের আরও খবর



১৯ ব্যাংকের কার্ড-এটিএম সেবা বন্ধ থাকবে ছয় দিন

সিস্টেম আধুনিকায়ন ও প্রযুক্তিগত রক্ষণাবেক্ষণের কারণে দেশের ১৯টি ব্যাংকের কার্ড, এটিএমসহ বিভিন্ন প্রযুক্তিনির্ভর সেবা সাময়িকভাবে বন্ধ থাকবে।...



গাইবান্ধার [এক টাকার শিফকা] লুৎফুর রহমানকে বিশেষ সম্মাননা

দীর্ঘ পাঁচ দশকেরও বেশি সময় ধরে মাত্র এক টাকার বিনিময়ে সুবিধাবঞ্চিত শিশুদের পড়িয়ে আসা গাইবান্ধার [এক টাকার শিফকা] হিসেবে পরিচিত লুৎফুর রহমান...



শিক্ষকরা শিক্ষার্থীদের [প্রয়োজন ও প্রিয়জন] হয়ে উঠুন: প্রধানমন্ত্রী
শিক্ষকদের তাদের শিক্ষার্থীদের [প্রয়োজন ও প্রিয়জন] হয়ে ওঠার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে সোমবার (৫ অক্টোবর)...



২৭ কাঠা জমি দখলের অভিযোগ, নিরপেক্ষ তদন্ত ও আইনগত ব্যবস্থা চায় ভুক্তভোগীরা
রাজধানীর অদূরে একটি আবাসন প্রকল্পের প্রায় ২৭ কাঠা জমি দখলের চেষ্টা, ভয়ভীতি প্রদর্শন ও বিভিন্ন ধরনের অনিয়মের অভিযোগ উঠেছে। এ ঘটনায় প্রকৃত মালিক...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন:

<https://dhakaprobe.com/national/radda-klinike-hamlar-ghtnay-baki-asamider-greptarer-cheshta-chlchhe-diempi-kmishnar>